

৫৫

**কলেজ শিক্ষক সমিতির
জাতীয় কার্যনির্বাহী
কমিটির সভা অনুষ্ঠিত**

॥ স্টাফ রিপোর্টার ॥

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির
নবনির্বাচিত জাতীয় কার্যনির্বাহী পরিষদের
প্রথম সভা গতকাল বিকেল ৩টায়
বোরহান উদ্দিন কলেজ মিলনায়তনে
অধ্যক্ষ একেএম শহীদুল্লাহর সভাপতিত্বে
অনুষ্ঠিত হয়। সভা শেষে এক ইফতার
পার্টি অনুষ্ঠিত হয়। বাংলাদেশ শিক্ষক
সমিতি ফেডারেশনের নেতৃবৃন্দ জনাব
একেএম শহীদুল্লাহ, শেখ আমানুল্লাহ,
মওলানা খন্দকার নাসির উদ্দিন, জনাব
আলী, শহীদুর রহমান, ও কাজী ফারুক
আলোচনায় অংশ নেন।

ইফতার পার্টিতে বাংলাদেশ কলেজ
শিক্ষক সমিতি ও বাংলাদেশ শিক্ষক
সমিতি ফেডারেশনের নেতৃবৃন্দ অংশ
শেষ পৃ: ৪-এর কঃ দেখুন

কলেজ শিক্ষক

প্রথম পৃষ্ঠার পর

নেন।

অসুস্থ অধ্যক্ষের রোগ মুক্তি কামনা
ঘণ্টার জেলার ক্যান্টনমেন্ট কলেজের
অধ্যক্ষ জনাব মারুফ হাসান মস্তিষ্কে
রক্তক্ষরণজনিত অসুখে গুরুতর অবস্থায়
ঢাকাস্থ রাশমনো ক্লিনিকে চিকিৎসাধীন
বয়েছেন। বাংলাদেশ কলেজ শিক্ষক
সমিতির সভাপতি অধ্যক্ষ একেএম
শহীদুল্লাহসহ সভাপতি অধ্যক্ষ একেএম
জহিরুল ইসলাম, অধ্যক্ষ মনির আহমদ,
অধ্যক্ষ মনসুরুর রহমান, সাধারণ
সম্পাদক অধ্যাপক কাজী ফারুক আহমদ,
যুগ্ম সাধারণ সম্পাদক অধ্যাপক আসাদুল
হক, কোষাধ্যক্ষ অধ্যক্ষ বদিউজ্জামান ও
দফতর সম্পাদক অধ্যাপক আবদুর রব
এক যুক্ত বিবৃতিতে তার আশু রোগ মুক্তি
কামনা করেছেন।

বিবৃতিতে বাকশিস নেতৃবৃন্দ তার
সুচিকিৎসার ব্যবস্থা করার জন্য সরকারের
নিকট জোর দাবী জানান।